তিনি গ্রামবাসীদের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়েন। বিধায়কের আচরণে ক্ষুব্ধ হন গ্রামবাসীরাও। এক প্রকার হাতাহাতির উপক্রম হতে দেখা যায়।

যদিও সঙ্গে সঙ্গে বিধায়কের সঙ্গে থাকা পুলিশকর্মীরা উত্তেজিত গ্রামবাসীদেরকে শান্ত করেন। ক্ষুব্ধ গ্রামবাসীদের অভিযোগ, সাংসদ দশ বছর এলাকায় কোন কাজ করেননি। ভোটের আগে এলাকায় এসেছেন বলেই সমস্যার কথা তুলে বলেছিলেন। প্রতিমা মণ্ডল বলেন, “এটা অভিযোগ বলব না। এটা স্লোবার ওয়ার্মিয়ার ফলে হচ্ছে। আমরা জনপ্রতিনিধি বলে আমার কাছে জানালায় পানীয় জলকে অনেকে অনেক কাজে ব্যবহার করছেন, তাই ঘাটিত তৈরি হচ্ছে।”

শুঁড়ে পৌঁচিয়ে প্রায় ১ কিলোমিটার নিয়ে ছুটেছিল দাঁতালটা, সকালে উদ্ধার হল আকাশের দেহ

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ৫ মেঃ রাতে বাড়ির বাইরে আচমকা হাতির ডাকা শোরগোলা তা শুনেই বাড়ির বাইরে বেরিয়ে এসেছিলেন আলিপুরদুয়ারের মাদারিহাটের

দাস ও মনোজ দাস। কিন্তু, উদ্বেষ্টকে সঙ্গী করেই ঘরে ফিরতে হয়। শেষে সন্ধ্যার বাড়ির অদূরেই আকাশের হাত-পা ভাঙা দেহ উদ্ধার হয়। প্রত্যক্ষদর্শীরা জানাচ্ছেন



বাসিন্দা আকাশ দাস। কিন্তু, আর ঘরে ফেরা হল না তাঁরা। বাড়ির সামনে থেকেই তুলে নিয়ে গেল হাতির দল। রাতভর খোঁজাখুঁজি করেও আর তাঁর দেখা পাননি বাবা অভিজিত দাস, কাকা সত্যজিত

আকাশের বাড়ির সামনে ঘুরছিল তিনটি দামাল হাতি। বাড়ি থেকে বের হতে না হতেই আকাশে শুঁড়ে পৌঁচিয়ে নেয় একটি হাতি। একেবারে এক কিলোমিটারের বেশি দূরে নিয়ে চলে যায়। রাতভর খোঁজ

চলে আকাশের। বাড়ির লোকের সঙ্গে খোঁজ শুরু করে এলাকার লোকজনও। কিন্তু, তারপরেও খোঁজ মেলেনি আকাশের। রবিবার সকাল হতে দেখা যায় কিছু দূরে একটি জমিতে হাত-পা ভাঙা অবস্থায় পড়ে আছে আকাশের দেহ। বরষ দেওয়া হয় বন দফতরে। বন দফতরের লোকজন গিয়ে দেহ উদ্ধার করে নিয়ে আসে। খবর পেয়ে ঘটনাস্থলে যান আলিপুরদুয়ার জেলা পরিষদের বন ও ভূমি কর্মধাঙ্ক দীপনারায়ন সিনহা, বিজেপির মাদারিহাট ১৮ নম্বর মন্তল সভাপতি অনুপম ভারতী। এদিকে ২৮ নম্বরের তরতাজা ওই নম্বরের মৃত্যুতে শোকের ছায়া নেমেছে এলাকা। বারবার এলাকায় হাতির আক্রমণ হওয়ায় প্রশাসনের ভূমিকা নিয়েও ক্ষোভ উগরে দিচ্ছেন এলাকার লোকজন।

মাদক পাচারের অভিযোগ, বাংলা থেকে বিএসএফ অফিসারকে গ্রেফতার করল দিল্লির ক্রাইম ব্রাঞ্চ

দুরন্ত বার্তা, বসিরহাট, ৫ মেঃ কখনও সোনা পাচার, কখনও মাদক পাচার, সম্প্রতি রাজ্যের সীমান্তবর্তী এলাকায় লাগাতার চলছে বিএসএফের অভিযান। জালে পড়েছে অনেক পাচারকারী। এবার মাদকপাচারের অভিযোগে জালে খোদ বিএসএফ অফিসার। হরিশচন্দ্র শুক্লা নামে বিএসএফের ১১২ নম্বর ব্যাটালিয়নের ওই এএসআই স্বরূপনগরে বিধারী সীমান্তে কর্মরত ছিলেন বলে জানা যাচ্ছে। এদিনই তাঁকে রিমান্ডে নিতে বসিরহাট আদালতে তোলা হচ্ছে। সূত্রের খবর, আগেই ওই বিএসএফ অফিসারের ছেলে ও শ্যালককে



মাদক পাচারের অভিযোগে গ্রেফতার করে দিল্লি ক্রাইম ব্রাঞ্চ। তাঁদের কাছ থেকে ৫০ কেজি গাঁজা ও উদ্ধার হয়। তারপর থেকে চলছিল টানা জেরা। তাতেই সামনে আসে মাস্টারমাইন্ডের নাম। জানা যায় গোটা কাজই তলছে হরিশচন্দ্রের নির্দেশে। এই হরিশচন্দ্রই স্বরূপনগরের ভারত বাংলাদেশের বিধারী সীমান্তে কর্মরত ছিলেন। এমনকী সীমান্তে বিএসএফ জওয়ানদের ডিউটি সংক্রান্ত একাধিক বিষয় দেখতেন তিনি। মোট কথায় সীমান্ত পরিচালনের দায়িত্ব ছিল তাঁর কাধে। এদিকে যে বিএসএফের কাঁখে পাচারকারীদের ধরার কাজ ন্যস্ত থাকে সেই বিএসএফের পদস্থ অফিসারের নাম জড়িয়ে যাওয়ায় তা নিয়ে শোরগোল পড়ে গিয়েছে প্রশাসনিক মহলের অন্তরেও। খবর চাউর হতেই তা নিয়ে চাপানউতাত শুরু হয়েছে এই সীমান্ত এলাকাতোে। এখন হরিশচন্দ্রকে জেরা করে দিল্লি ক্রাইম ব্রাঞ্চ নতুন কী তথ্য পায়, নতুন কোনও চক্রের খোঁজ পায় কিনা এখন সেটাই দেখার।

উত্তর পূর্ব রেলওয়ে
ই-টেকনারি নোটিশ ডেপুটি সিএমই/ওয়ার্ড ফর চিফ ওয়ার্কশপ ম্যানজার/এন.ই. রেলওয়ে, মেকানিকাল ওয়ার্কশপ, পোরবন্দর-এর জন্য এবং ভারতের রাষ্ট্রপতির পক্ষ থেকে নিম্নলিখিত কাজের জন্য বনলাইন ই-ওপেন টকভারের মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়েছে। ক্রম. নং-০১, ই-টেকনারি নোটিশ নং টেকনারি নং “০২-কোজিগ-এমজিএস-২০২৪-২৫”, কাজের নাম- ১০০টি অটোমিগ ক্যাভের উচ্চ গতির সন-এমজিএসএস ক্যাভে রপালগঞ্জ কোজিগএস-এর জন্য আরএসপি পিপিআই নং ১২৪৯/২৫-২৪, আনুমানিক খরচ (টাকাতো) ৩,০১,৮৫,৬২২/-, বরসা খরচ (টাকাতো) ৩,০০,৯০০/-, টেন্ডার ফরমের মূল্যঃ শূন্য, দরপত্র জমা দেওয়ার শেষ তারিখঃ ১১/০০টা পর্যন্ত, তারিখঃ ০৪-০৬-২০২৪, ইন্ডিয়ান সময়কালঃ ০৪ মাস। উপরোক্ত দরপত্রের বিপরীত বিবরণ দেখতে পারেন ওয়েবসাইট www.irops.gov.in-এও ডেপুটি সিএমই/ওয়ার্ড ফর চিফ ওয়ার্কশপ ম্যানজার/এন.ই. রেলওয়ে, মেকানিকাল ওয়ার্কশপ, পিপিআই/ওয়ার্কিং-১২
কক্ষনো ছাদে এবং ফুট বোর্ডে জমণ করবেন না।

ফ্যাশন ও রূপচর্চা

খরচ করতে হবে ৫০০ টাকারও কম, হয়ে যাবে আপনাক পচ্ছন্দের পুরোনো শাড়ি একদম নতুন



শম্পার সবচেয়ে পছন্দের পোশাক শাড়ি। তাঁর সংগ্রহে ৪০টির বেশি শাড়ি আছে। এর মধ্যে অনেকগুলো আছে, যেগুলো একবার বা দুবার মাত্র পরেছেন। তারপরও অন্য কাউকে দিয়ে দিতে মন সায় দেয় না। কারণ, শাড়িগুলোর সঙ্গে জড়িয়ে আছে কোনো না কোনো স্মৃতি। এই যেমন ২০০৭ সালে বিশ্ববিদ্যালয়ের হলজীবন শেষ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে পরেছিলেন সাদা কোটা জমিনে চিকন লাল পেড়ে একটা শাড়ি। এটি হাতে নিলেই মনে জেগে ওঠে সে সময়ের স্মৃতি। সম্প্রতি শাড়িটি হাতে নিয়ে দেখা যায়, দীর্ঘদিন পড়ে

থাকার ক ১ র ৭ে সাদা জমিনে লালচে ভাব চলে এসেছে। তাই পরিকল্পনা করলেন শাড়িটিকে নতুন রূপ দেবেন। শুধু সেই শাড়িই নয়, একরঙা বেশ কয়েকটি শাড়ি নিয়ে চলে গেলেন নিউমার্কেটে। তৃতীয় তলায় ব্লক, বাটিক, হ্যান্ডপেইন্ট, এমব্রয়ডারি, কারচুপি, জারদৌসির

কাজ করেএমন বেশ কয়েকটি দোকান আছে। শম্পা বলেন, ‘পুরোনো সাদা শাড়িটিকে পছন্দমতো নকশা দিয়ে ব্লক করিয়েছি। লাল রং রেখেছি বেশি। মাত্র ৬৫০ টাকা খরচ করে এটি হয়ে গিয়েছিল আমার বৈশাখের শাড়ি।’ নাস্ট্রিম ব্লক প্রিন্টের কর্ণধার আবুল বাশার শেখ জানান, এখানে নতুন-পুরোনো শাড়ি



করপোরেট অফিসে চাকরি করেন। হাতে দুই রঙের দুটি মসলিন শাড়ি। জানতে চাইলে বলেন, অনেক দিন ধরে শাড়ি দুটি পড়ে আছে। শখ করে কিনেছিলেন, কিন্তু পরতে গেলেই মনে হচ্ছে বেশি পাতলা। ব্লক করলে স্বচ্ছ ভাব কিছুটা কমে আসবে, তাই নিয়ে এসেছেন। শাড়ি দুটি ব্লক করানোর পর তিনি বেশ খুশি। বুটিক হাউসের পেগের চেয়ে কোনো অংশ কম মনে হচ্ছিল না তাঁর কাছে। তাও আবার এত কম খরচে!

শুধু ব্লক নয়, চাইলে বাটিক, টাই-ডাই, হালকা এমব্রয়ডারিও করিয়ে

ওড়না থাকলে সেগুলো কেটে স্কার্ফ বানিয়ে পাড়ে লেস বসিয়ে নিলে হয়ে যাবে নতুন কিছু। আপনার পোশাকটিও হবে ব্যতিক্রম। কারও সঙ্গে মিলবে না। বিবিয়ানা ফ্যাশন হাউসের কর্ণধার লিপি খন্দকার বলেন, ফেলে না দিয়ে একটা প্যাকে নতুন করে ব্যবহার করা যায় সহজেই। এটাকে বলা হয় আপ-সাইকেল। ফার্স্ট ফ্যাশনের ফলে ওয়ার্ডরোব নতুন জামায় ভরে উঠছে। অথচ পুরোনো কাপড় পুনর্ব্যবহার করে বানানো যেতে পারে অনেক কিছু। কিছু সালোয়ারকামিজ থাকে, যেগুলো বিয়ে, পাটি ছাড়া আর হয়তো পরাই হয় না। এখন বের করে দেখলেন, দুএক ইঞ্চি ছোট হয়ে গেছে। এগুলো লেস বা পাড বসিয়ে লম্বা করে নিতে পারেন। আবার পোশাকটি যদি আর্টসাঁট অথবা ঢিলেঢালা হয়ে গিয়ে থাকে, তাহলে কাছের কাউকে দিতে পারেন, যারা কিছু মনে করবেন না, বরং সাদরে গ্রহণ করবেন। শাড়ির ক্ষেত্রেও তাই পড়ে থাকা ভালো। মানের শাড়িগুলো নতুন রূপ দিয়ে উপহার দিতে পারেন একান্ত কাছের মানুষদের, যারা আপনার এই মায়া বুঝতে পারবেন।

আপনি কি সাদা জামা ব্যবহার করেন, বাড়তি কিছু সতর্কতা রাখতে হলে এখুনি পড়তে হবে



গরমকাল আর সাদা পোশাক যেন অনেকটাই সমর্থক। তীব্র দাবদাহে আমাদের আরাম দেয় সাদা পোশাক। এদিকে ট্রেন্ডেও আবার চলছে সাদা পোশাকের জয়জয়কার। আমরা সবাই কমবেশি সাদা পোশাক পরতে পছন্দ করি। কেননা সাদা একই সঙ্গে সরলতা আর আভিজাত্যের রং। তবে পরনে থাকা সাদা কাপড়টি পরিধানকারীর রুচি, সরলতা কিংবা আভিজাত্য কতটুকু প্রকাশ করবে, তা নির্ভর করে এর রং কতটুকু উজ্জ্বল বা ‘নিম্নলব্ধ’। অন্যান্য কাপড়ের সঙ্গে সাদা কাপড় পরিষ্কার করার সময় তাই দরকার বাড়তি সতর্কতা। সুনিপুণভাবে সাদা কাপড় পরিষ্কার করতে চাইলে যা করবেন

সাদা কাপড়ের চাই বাড়তি যত্ন

১. বাইরে কোথাও যাওয়ার আগে সব প্রসাধনী ও চুলের সজ্জার পর সাদা পোশাক পরুন।

২. রাস্তায় কাদা,ময়লা থাকলে বা খাওয়ার সময় বাড়তি সতর্কতা রাখুন। অনেকের জন্যই সাদা কাপড় পরে বাইরে বের হওয়ার পর কোনো দাগ না লাগিয়ে সেভাবেই পোশাকটিকে ঘরে ফিরিয়ে আনা একটা চ্যালেঞ্জ। দাগ লাগলে সঙ্গে সঙ্গে জল দিয়ে ধুয়ে নিন। তাতে দাগটা স্থায়ী হওয়ার আশঙ্কা অনেকটাই কেটে যাবে। কোনো ক্ষতি হুড়াই লেবু ও বেকিং সোডা দিয়ে কাপড়কে আরও সাদা করা যায়।



অন্যান্য কাপড় থেকে সাদা কাপড়কে আলাদা করার পর তাতে লেগে থাকা মেকোনা ময়লা ও দাগ তুলে ফেলুন। এ ক্ষেত্রে, আগে স্বাভাবিক বা কস্ম তপমাত্রার (রুম টেমপারেচার) জলেতে দাগ লেগে থাকা অংশটি ধুয়ে নিন ভালোভাবে। এরপর যেখানে দাগ লেগে আছে, সেখানে ‘স্টেইন রিমুভার’ বা তরল ডিটারজেন্ট লাগিয়ে

রেখে দিন কিছুক্ষণ। তারপর ভালোভাবে ঘষে জল দিয়ে ধুয়ে ফেলুন। কলার, ভাঁজ আর হাতার কাফে রাখুন আলাদা খেয়াল। ‘ব্রাইটেনার’ বা রং উজ্জ্বলকারী পদার্থ ব্যবহার করুন

সাদার উজ্জ্বল বাডাতে ডিটারজেন্টের পাশাপাশি ব্রাইটেনার ব্যবহার করতে পারেন। কিছু ব্রাইটেনার কাপড়কে শুধু বাড়তি উজ্জ্বলতাই দেয় না, লেগে থাকা দাগ দূর করতেও সাহায্য করে। এমনই একটি বহুল ব্যবহৃত ব্রাইটেনার হলো ব্লিচ। ধোয়া কাপড়ে ‘নীল’ও ব্যবহার করতে পারেন। সাদা কাপড় নীলের ব্যবহার আমাদের কাছে বেশ জনপ্রিয়। এতে কাপড়ের পুরোনো হলদেটে ভাব কেটে যায়। পাওয়া যায় নতুনের সতেজতা।

ঠান্ডা জলেতে ধুয়ে নিন ব্রাইটেনার, ডিটারজেন্ট ও স্টেইন রিমুভার লেগে থাকা সাদা কাপড়কে ঠান্ডা জলেতে ধুয়ে নিন। অনেকেই মনে করেন, কাপড় ভালোভাবে পরিষ্কার করতে হলে গরম জলেতে ধোয়ার বিকল্প নেই। তবে, এখানে একটা ‘কিন্তু’ আছে।

ধোয়ার সময় ঠান্ডা নাকি গরম কোন ধরনের জল ব্যবহার করবেন, তা নির্ভর করবে আপনার কাপড়টি কী ধরনের, তার ওপর। এটা জানার জন্য অবশ্য আপনাকে ‘পণ্ডিত’ হতে হবে না। সাধারণত কাপড়ের গায়ে সেলাই করা লেবেলেই লেখা থাকে, কাপড়টির জন্য কোন ধরনের জল উপযুক্ত। তবে, কাপড়ের মান অটুট রাখতে চাইলে কস্ম তপমাত্রার জল ব্যবহারের বিকল্প নেই।

আরেকবার দেখে নিন সাদা কাপড় ধোয়া হয়ে গেলে ওয়াশিং মেশিন বা বালতি থেকে বের করে কোথাও এখনো দাগ লেগে আছে কি না, তা ভালো করে আরেকবার দেখে নিন। এরপরও যদি দাগ লেগে থাকে, তাহলে আবার ধুয়ে নিন।

রোদে শুকাতে দিন

একদম শেষে ভেজা কাপড়কে সরাসরি রোদে শুকাতে দিন। তবে কড়া রোদে দেবেন না। কোনোভাবেই ছায়ায় শুকাতে দেওয়া যাবে না। শুকাতে দেওয়ার সময় কাপড় যেন মুক্তভাবে বুলে থাকে, তা নিশ্চিত করুন। ইষ্ট্রি করে ব্যবহার করুন। তাতে কোচকানো ভাব কেটে যাবে।

কীভাবে শ্যাম্পু করবেন



১. প্রথমেই চুলের ধরন বুঝে শ্যাম্পু এবং কন্ডিশনার বাছাই করতে হবে। আপনার চুল শুষ্ক, তেলতেলে কিংবা মিশ্র ধরনের কী না তা বুঝে নিয়ে শ্যাম্পু ও কন্ডিশনার বাছাই করুন।

২. শ্যাম্পু করার আগে চুল আঁচড়ে জট ছাড়িয়ে নিন।

৩. এরপর পুরো চুল ভালোভাবে জল দিয়ে ভিজিয়ে নিতে হবে।

৪. একটি বাটিতে শ্যাম্পুর সঙ্গে অল্প জল মিশিয়ে এর ঘনত্ব কমিয়ে নিতে হবে যেন তা চুলের গোড়ায় সহজে পৌঁছাতে পারে।

৫. এরপর দ্বিতীয় দফায় শ্যাম্পু করতে হবে। এবার আর ম্যাসাজ নয়। কারণ, ম্যাসাজের ফলে চুলের গোড়া থেকে সিবাম নামের একধরনের তেল নির্গত হয়, এটি থাকলে আর শ্যাম্পু করে লাভ নেই। তাই চুল শ্যাম্পু করতে হয় দুইবার।

৬. জল দিয়ে ফেনা ধুয়ে ফেলার পর এবার কন্ডিশনার ব্যবহারের পালা। চুলের আগায় কন্ডিশনার লাগিয়ে কিছুক্ষণ রেখে ধুয়ে ফেলুন। মোটা তোয়ালে জড়িয়ে প্রথমে চুলের জল নিংড়ে নিতে হবে। এরপর ঠান্ডা বাতাস বের হয় এমন হেয়ার ড্রায়ার বা ফ্যানের বাতাসে চুল শুকিয়ে নিন।

যে তুলগুলো আপনি ডুলেও করবেন না

১. শ্যাম্পু করার আগে অনেকেই চুলে তেল দেন, এতে সমস্যা না থাকলেও ময়লা চুলে তেল দেওয়া যাবে না।

২. চুল ভালো মতো না ভিজিয়ে সরাসরি শ্যাম্পু দেওয়া যাবে না।

৩. জোরে জোরে ঘষে ময়লা পরিষ্কারের চেষ্টা করা ঠিক পদ্ধতি নয়।

৪. কন্ডিশনার গোড়ায় নয়, শুধু আগায় ব্যবহার করতে হবে। এর কাজ চুলকে নরম করা। গোড়ায় এটি লাগালে চুলের গোড়া নরম হয়ে পড়ে যাবে।

৫. চুল ধোয়া শেষে তোয়ালে দিয়ে জোরে জোরে ঘষে মোছা উচিত না।

৬. চুলের জল শুকানোর জন্য গামছা বা তোয়ালে দিয়ে চুল ঝাড়া ঠিক নয়।

ভেজা চুল আঁচড়ানো উচিত না। সম্ভব হলে চুল আঁচড়াতে কাঠের চিকনি ব্যবহার করুন।

প্রচণ্ড ঝড়বৃষ্টি, তছনছ সাক্রম মহকুমা

আগামী তিনদিন বিদ্যুৎ পরিসেবা স্বাভাবিক হওয়ার সম্ভাবনা নেই

সাক্রম (ত্রিপুরা), ৫ মে : আজ রবিবার ভোরে প্রচণ্ড ঝড়-বৃষ্টিতে তছনছ হয়ে গিয়েছে দক্ষিণ ত্রিপুরা জেলার সাক্রম মহকুমার বিস্তীর্ণ এলাকা। সাক্রম নগর পঞ্চায়েত এলাকা সহ মহকুমার বিভিন্ন জায়গায় বড় বড় গাছ ভেঙে পড়েছে। বহু জায়গায় বিদ্যুতের খুঁটি ভুপতিত হয়েছে। গোটা মহকুমার বিদ্যুৎ পরিসেবা বিধ্বস্ত হয়ে গিয়েছে। জানা গিয়েছে, রবিবার ভোরে আচমকা সাক্রম মহকুমায় ব্যাপক ঝড়বৃষ্টি হয়েছে। প্রায় এক ঘণ্টার ঝড়বৃষ্টিতে বহু বাড়িঘরের ছাউনি উড়ে গিয়েছে। রাস্তার পাশে বড় বড় গাছ ভেঙে পড়েছে। বৃষ্টি ও ঝড় থামার পর সাক্রম নগর পঞ্চায়েত কর্তৃপক্ষ এবং মহকুমা প্রশাসনের তরফ থেকে যুদ্ধকালীন তৎপরতায় কাজ করা হচ্ছে গাছপালা সরিয়ে রাস্তায় যানবাহন লাচাল স্বাভাবিক করার জন্য। মহকুমা প্রশাসনের আধিকারিকরাও বিভিন্ন জায়গা পরিদর্শন করেছেন। খোঁজখবর নিচ্ছেন। এদিকে, সাক্রম নগর পঞ্চায়েতের এক কর্মকর্তা জানিয়েছেন, ঝড়বৃষ্টিতে বিদ্যুৎ পরিসেবা বন্ধ হয়ে পড়েছে। বহু খুঁটি ভুপতিত হয়েছে। বিদ্যুৎ পরিবাহী তারে গাছ পড়ে ছিন্ন হয়ে গিয়েছে তারা। ক্ষতিগ্রস্ত হয়েছে বিদ্যুতের ট্রান্সফরমারও। তিনি আশ্চক্য প্রকাশ করছেন, কমপক্ষে দুদিনানি লাগবে বিদ্যুৎ পরিসেবা স্বাভাবিক করতে। যদিও সাক্রমে বিদ্যুৎ পরিসেবা প্রদানের সাথে যুক্ত বেসরকারি সংস্থা ফিডকোর কর্মীরা কাজ করে চলেছেন। নগর পঞ্চায়েতের ওই কর্মকর্তা ফিডকোর কর্মীদের প্রতি অনুরোধ করেছেন যাতে যত দ্রুত সম্ভব বিদ্যুৎ পরিসেবা স্বাভাবিক করার চেষ্টা করেন।

বিশ্ব হাসি দিবসে প্রকাশিত ভানু বন্দ্যোপাধ্যায়ের বিশেষ কৌতুক নকশা

কলকাতা, ৫ মে : রবিবার ছিল ৫ মে, বিশ্ব হাসি দিবস। এবারের বিশ্ব হাসি দিবসে প্রখ্যাত অভিনেতা এবং হাস্য কৌতুকে কিংবদন্তী ভানু বন্দ্যোপাধ্যায়কে শ্রদ্ধা জানিয়ে ভক্তভানু অনুপম সরকারের নতুন সংলাপে কৌতুক নক্সা কর্তা বনাম গিল্লীর মধুর ঝগড়া। অভিনয় করেছেন গিল্লীর ভূমিকায় শ্রদ্ধেয় অভিনেতা ভানু বন্দ্যোপাধ্যায়ের সুযোগ্য কন্যা বাসবী ঘটক বন্দ্যোপাধ্যায়, কর্তার ভূমিকায় অভিনেতা ভক্তভানু অনুপম সরকার, ভায়ে রেডিও সঞ্চালক খাস কৌশিক, সংলাপ এবং সম্পাদনায় অনুপম নিজেই। এ প্রসঙ্গে ভক্তভানু অনুপম জানান, অভিনেতা ভানু বন্দ্যোপাধ্যায়ের কন্যা বাসবী ঘটক বন্দ্যোপাধ্যায় মাত্র আড়াই বছর বয়সে কিংবদন্তী অভিনেত্রী সূচিত্রা সেনের সাথে অভিনয় করেছেন। এছাড়াও অতিথি সিনেমাত্রেী হিসাবে অনন্য ভূমিকা রেখেছেন কণ্ঠ শিল্পী হিসাবে। কিন্তু বাবার মৃত্যুর পর দীর্ঘ চার দশকের বেশি সময় তিনি অভিনয় থেকে নিজেকে সরিয়ে নিয়েছিলেন। প্রায় একচল্লিশ বছর পর আবার তিনি হাস্য কৌতুক নক্সায় ফিরছেন ভক্তভানুর প্রচেষ্টায়। এটা তার কাছে পরম পাওয়া।

রায়মঙ্গল নদী বাঁধে ৩০০ ফুট চওড়া ফাটল, আতঙ্কে গ্রামবাসীরা

হিঙ্গলগঞ্জ, ৫ মে : উত্তর ২৪ পরগনার বসিরহাট মহাকুমার হিঙ্গলগঞ্জ ব্লকের সাহেব খালী গ্রাম পঞ্চায়েতের রমাপুর গ্রামের রায়মঙ্গল নদীতে গতকাল গভীর রাতে ৩০০ ফুট বাধে ফাটল দেখা দিয়েছে, তা দেখে আতঙ্কিত গ্রামবাসীরা। ইতিমধ্যেই নদীর পাড়ে যেসব বাসিন্দারা বসবাস করতেন তাদের অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার কাজ শুরু হয়েছে। ওই স্থান পরিদর্শন করেছেন হিঙ্গলগঞ্জ ব্লকের বিডিও সহ একাধিক প্রশাসনিক আধিকারিকরা। যত দ্রুত বাঁধ মেরামত করা যায় সেই দিকে

নজর দিয়েছে প্রশাসন। গত ১৪ বছর আগে এই নদী বাঁধের উপর দিয়ে বয়ে গিয়েছিল আয়লা ঝড়, সেই ঝড়ের তাড়বের নদী বাঁধ কোনও রকমে দাঁড় করানো হয়েছিল। কিন্তু এলাকার বাসিন্দারা যেটা জানাচ্ছেন, তারা বলছেন, প্রতিবছর বিভিন্ন ধরনের সইক্লোন দেখা যায়, তাই নদী বাঁধের ক্ষমতা হারিয়ে ফেলেছে। এই বাঁধগুলি যদি কব্জিটের করা না হয়, তাহলে সারা জীবন ভোগ করতে হবে গ্রামবাসীদের। তাই তারা চাইছেন যত দ্রুত সম্ভব নদীর বাঁধগুলি পাকাপোক্ত করা হোক, তাহলে এই সমস্যা বারবার আর সমাধান করতে হবে না।

তক্ষক সহ পাঁচজন কে গ্রেফতার করল

আসানসোল, ৫ মে: উত্তর ২৪ পরগনার বিরল প্রজাতির তক্ষক সহ পাঁচজন কে গ্রেফতার করল আসানসোল দক্ষিণ থানার পুলিশ। গোপন সূত্রে ধরা পেয়ে শনিবার আসানসোল পুলিশ লাইন সংলগ্ন বার্নপুুরের রোডের একটি বেসরকারী হোটেল থেকে তাদের গ্রেফতার করা হয়েছে। ধৃতদের নাম সুজিত সিনহা, মহেশ ঘাসী, সালাউদ্দিন, মুস্তাকিম এবং সফিকুল্লা। ধৃতরা আসানসোলের হীরাপুর এবং উত্তর ২৪ পরগনার বাসিন্দা। শনিবার সন্ধ্যায় আসানসোলে দক্ষিণ থানায় এক সাংবাদিক বৈঠকে আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেরেটের এসিপি সেন্ট্রাল বিশ্বজিৎ নন্দর বলেন আসানসোলের এক হোটেল ধৃতরা এসেছিল। একটি বিরল প্রজাতির তক্ষক বিক্রির জন্য নিয়ে এসেছিল। পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে তাদের গ্রেফতার করেছে।

সুভান আলি, স/ও রাহামান সেক, র/ও বিল্ল+পো চাম্পি, পিএমহিশাদাল, ইস্ট মেদিনীপুর, পিন-৭২১৬২৮, ইস্ট বেঙ্গাল, শাল হেন্সফোর্থ BE KNOWN AS SEKH SAIDUL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024, THAT SEKH SAIDUL AND SHEHUL SEKH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

আবুল হোসসানি শাইখ AND ABUL HOSSAIN SHAIKH, SON OF ALI HOSSAIN SHAIKH, RESIDING AT VILL & PO - ARGORI, HOWRAH-711302, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS ABUL HOSSAIN SHEIKH VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024.THAT ABUL HOSSANI SHAIKH AND ABUL HOSSAIN SHAIKH ALSO ABUL HOSSAIN SHEIKH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

রোলী সানজীব আগরওয়াল, ও/ও সানজীব আগরওয়াল, র/ও ৫৭/বি.এ.বি.এ.স টি মাইন রোড, বঙ্গুর কমপ্লেক্স, পিএস বেহালা, কলকাতা - ৭০০০৩৮, ইস্ট বেঙ্গাল, শাল হেন্সফোর্থ BE KNOWN AS ABUL AGARWAL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024, THAT ROLI SANJEEV AGARWAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

আমি জয়ন্ত কুমার নন্দী,পিতা স্বপ্নীয় গোবিন্দ দাস নন্দী, চিকানা টাওয়ার ৪, এফ এল ২৪ ডি, সাউথ সিটি, ৩৭৫ প্রিন্স আনোয়ার শাহ রোড ৩, লেক, কেলকাতা - ৭০০০৬৮, মাননীয় ফার্স্ট ক্লাস জুডিসিয়াল মার্জিস্ট্রেট আলিপুর কোর্ট এর এফিডেভিট (নম্বর ১০৫১৩), তারিখ ১২০২২০২৪ দ্বারা জয়ন্ত নন্দী নামে পরিচিত ইইলান। জয়ন্ত কুমার নন্দী এবং জয়ন্ত নন্দী এক ও অভিন্ন ব্যক্তি।

Name Change.
I ABDUR RAHAMAN, SON OF ABDUL HAKIM, RESIDING AT 9 HOSSAIN SHAH ROAD, PO-KHIDI-DIRPORE, KOLKATA-700023, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS ABDUL RAHAMAN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024.THAT ABDUR RAHAMAN AND ABDUL RAHAMAN BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change.
I MONICA PATESARIA, DAUGHTER OF INDER KUMAR AGARWAL,WIFE OF SUMIT PATESARIA, RESIDING AT P.N. MALIA ROAD, RAMGANJ, PASCHIM BARDHAMAN - 713347, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS MONICA AGARWAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024.THAT MONICA PATESARIA AND MONICA AGARWAL BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change.
I AMINUL TARAFDAR & AMINUL HAQUE TARAFDAR, S/O ABDUL KHAYER TARAFDAR, R/O DURGAMAN-DAP HALDER GHERI, SANDESHKHALI, NORTH 24 PARGANAS, PIN-743446, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AMINUL HAQUE TARAFDAR, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024, THAT AMINUL TARAFDAR & AMINUL HAQUE TARAFDAR AND AMINUL HAQUE TARAFDAR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change.
I AKBAR ALI, S/O LATE SALAMAT MONDAL, R/O SURIADAKSHINPARA, SORIA ASHOKENAGAR, NORTH 24 PARGANAS, PIN-743711, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AKBAR ALI MONDAL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024, THAT AKBAR ALI MONDAL AND AKBAR ALI, ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change.
I SEHEDUL SEKH, S/O SK SUBAN, R/O VILL+ PO CHAMPI, PS MAHISHADAL, EAST MEDINIPUR, PIN-721628, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SEKH SAIDUL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024, THAT SEKH SAIDUL AND SEHEDUL SEKH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change.
I SK SUBAN ALI, S/O RAHAMAN SEK, R/O VILL+PO CHAMPI, PS MAHISHADAL EAST MEDINIPUR, PIN-721628, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SK SUBAN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024, THAT SK SUBAN AND SK SUBAN ALI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change.
I ABUL HOSSANI SHAIKH AND ABUL HOSSAIN SHAIKH, SON OF ALI HOSSAIN SHAIKH, RESIDING AT VILL & PO - ARGORI, HOWRAH-711302, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS ABUL HOSSAIN SHEIKH VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024.THAT ABUL HOSSANI SHAIKH AND ABUL HOSSAIN SHAIKH ALSO ABUL HOSSAIN SHEIKH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change.
I ROLI SANJEEV AGARWAL, W/O SANJEEV AGARWAL, R/O ৫৭/বি.এ.বি.এ.স টি মাইন রোড, বঙ্গুর কমপ্লেক্স, পিএস বেহালা, কলকাতা - ৭০০০৩৮, ইস্ট বেঙ্গাল, শাল হেন্সফোর্থ BE KNOWN AS ABUL AGARWAL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/05/2024, THAT ROLI SANJEEV AGARWAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change.
I, Fazlul Ahid Molla, Fazlul Ahid Molya & Mohammed Fazlul Ahid (old name) S/O Alur Rahaman, Presently residing at Vill-Uttarabipur, P.O.- Champakpura, P.S.- Matia, Dist.- North 24 Pgs, Pin- 743291, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Fazlul Ahid (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 04/05/2024, Fazlul Ahid (new name) and Fazlul Ahid Molla, Fazlul Ahid Molya & Mohammed Fazlul Ahid (old name) both are same identical person.

নাম পরিবর্তন
আমি জয়ন্ত কুমার নন্দী,পিতা স্বপ্নীয় গোবিন্দ দাস নন্দী, চিকানা টাওয়ার ৪, এফ এল ২৪ ডি, সাউথ সিটি, ৩৭৫ প্রিন্স আনোয়ার শাহ রোড ৩, লেক, কেলকাতা - ৭০০০৬৮, মাননীয় ফার্স্ট ক্লাস জুডিসিয়াল মার্জিস্ট্রেট আলিপুর কোর্ট এর এফিডেভিট (নম্বর ১০৫১৩), তারিখ ১২০২২০২৪ দ্বারা জয়ন্ত নন্দী নামে পরিচিত ইইলান। জয়ন্ত কুমার নন্দী এবং জয়ন্ত নন্দী এক ও অভিন্ন ব্যক্তি।

তৃণমূল প্রার্থী শাহনওয়াজ আলী রায়হানের সমর্থনে সুসজ্জিত মিছিল



দুরন্ত বার্তা, মালদা,৬ মে : তৃণমূল কংগ্রেসের উদ্যোগে দক্ষিণ মালদা লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী শাহনওয়াজ আলী রায়হানের সমর্থনে সুসজ্জিত মিছিল। শনিবার বিকেলে ইংরেজবাজার পৌরসভার ১৩ নম্বর ওয়ার্ডের সদরঘাট এলাকা থেকে একটি সুসজ্জিত মিছিল শুরু হয়। মহিলারা হাতে লক্ষী ভাঙারের কাটআউট এবং তৃণমূলের ঝান্ডা নিয়ে মিছিলে অংশ নেন। মিছিলে অংশ নেন জেলার লোকশিল্পীরা। দক্ষিণ মালদা তৃণমূল প্রার্থীর সমর্থনে নির্বাচনী মিছিলে অংশগ্রহণ মানিকচক বিধায়িকা সাবিত্রী মিত্র, ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ন চৌধুরী, তৃণমূল কংগ্রেসের জেলা সাধারণ সম্পাদক প্রসেনজিৎ দাস, ১২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর হবি দাস সহ অন্যান্য তৃণমূল নেতৃত্ব। এদিন বিভিন্ন এলাকা পরিক্রমা করে নির্বাচনী মিছিল। আগামী ৭ মে অন্যান্য কেন্দ্রের পাশাপাশি মালদা জেলার দুটি আসনেও অনুষ্ঠিত হবে নির্বাচন। ৫ মে প্রচারের শেষ দিন। তাই শনিবার ক্বী সমর্থকদের নিয়ে প্রার্থীর সমর্থনে সুসজ্জিত মিছিল করে সাধারণ মানুষের কাছে মমতা বন্দোপাধ্যায় মনোনীত দক্ষিণ মালদা প্রার্থীর সমর্থনে ভোট প্রার্থনা করেন তৃণমূল নেতৃত্ব।

মালদা নালাগোলা রাজ্য সড়কের বুলবুলচন্ডী এলাকায় পথ অবরোধ

দুরন্ত বার্তা, মালদা,৬ মে : এসটি, এসসি ও ওবিসিদের সংরক্ষণ ইস্যুতে রবিবার মালদহে হবিবপুর ব্লকের মালদা নালাগোলা রাজ্য সড়কের বুলবুলচন্ডী এলাকায় পথ অবরোধ।অভিযোগ কোন এক সভা থেকে বিজেপি তরফে অমিত শাহ, বক্তব্য রাখেন সেখানে এসটি, এসসি ও ওবিসিদের বাতিল করার কথা বলেন এমনি অভিযোগ তারই প্রতিবাদ জানিয়ে, এসটি, এসসি ও ওবিসিদের সংরক্ষণ দাবি জানিয়ে মালদা-নালাগোলা রাজ্য সাক অবরোধ করে সাময়িক বিক্ষোভ দেখালেন জনা কয়েক আদিবাসী যুবক।খবর পেয়ে ঘটনা স্থানে ছুটে আসে হবিবপুর থানার পুলিশ পুলিশের সাথে কথাবার্তা পড়ে অবরোধকারীরা রাজ্য সড়ক থেকে পথ অবোধ তুলে দেওয়া হয়।

তিনদিন বিদ্যুৎ নেই, মেলাঘর-সোনামুড়া সড়ক অবরোধ ক্ষুব্ধ জনতার

মেলাঘর (ত্রিপুরা), ৫ মে : সামান্য ঝড়বৃষ্টিতে ত্রিপুরার বিভিন্ন মহকুমায় বিদ্যু পরিষেবা বিগ্নিত হচ্ছে। তিনদিন ধরে বিদ্যুৎ নেই সিপাহিজলা জেলার মেলাঘর পুর পরিষদ এলাকার দেনবাগরে। বিদ্যুৎ না থাকায় প্রচণ্ড গরমে নাজেহাল হতে হচ্ছে পুরবাসীরা। বিদ্যুৎ নিগমের দফতরে জানানো হলেও টালবাহানা করা হচ্ছে বলে অভিযোগ করেছেন স্থানীয় গ্রাহকরা। বিদ্যুৎ নিগমের টালবাহানায় ক্ষুব্ধ হয়ে দেনবাগর এলাকার গ্রাহকরা শনিবার রাতে মেলাঘর-সোনামুড়া সড়ক অবরোধ করেন। গভীর রাত পর্যন্ত চলতে থাকে অবরোধ। স্থানীয় গ্রাহকদের অভিযোগ, পুর পরিষদের স্থানীয় কাউন্সিলারকেও বিদ্যায়টি জানানো হয়েছে। তাতেও কোনও সাড়া মিলেনি। অবশেষে রাস্তা অবরোধ আন্দোলনে शामिल হয়েছেন তাঁরা। অভিযোগ, বিদ্যুৎ নিগমের স্থানীয় অফিসে লিখিতভাবে জানানো হয়েছে একাধিকবার। তিনদিন ধরে এলাকায় বিদ্যুৎ নেই, বিষয়টি কোনওভাবেই মেনে নিতে পারছেন না গ্রাহকরা। মেলাঘর পুর পরিষদ এলাকার অন্যান্য পাড়ায় বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করা হয়েছে। কিন্তু, দেনবাগর এলাকায় বিদ্যুৎ পরিষেবা তিনদিন ধরে বিগ্নিত। নিগমের কর্মীরা লাইন সারাই করা হবে বলে বার বার জনগণকে আশ্বাস দিয়ে চলেছেন। কাজের কাজ কিছুই করছেন না। গ্রাহকরা জানিয়েছেন যদি অনতিবিলম্বে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক না করা হয় তা -হলে তারা বৃহত্তর আন্দোলনে যাবেন।

বাকসায় বুনো মিথুনের হামলায় ঘায়েল দুই, আতঙ্ক এলাকাজুড়ে

বাকসা (অসম), ৫ মে : ভারত-ভূটান সীমান্তবর্তী বাকসা জেলার অন্তর্গত নিকাশি গ্রামে একটি বুনো মিথুনের হামলায় দুই ব্যক্তি আহত হয়েছেন। আহতদের মদন নির্দা এবং রাজেশ তিরকি বলে শনাক্ত করা হয়েছে। গত কয়দিন থেকে মিথুনাটি ওই জনপদে ব্যাপক তাণ্ডব চালিয়েছে। ফলে গ্রামের বাসিগলারা অস্থান্ধিত। মিথুনের হামলায় গুরুতরভাবে আহত মদন নির্দা এবং রাজেশ তিরকিকে জরুরি চিকিাসার জন্য মুসলপুর সিভিল হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। জনৈক বন অধিকারিক জানিয়েছেন, দুদিন আগে সংলগ্ন বাটাবাড়ি জঙ্গল থেকে মিথুনাটি নিকাশি জনপদে এসে তাণ্ডব সৃষ্টি করেছে। মিথুনাটিকে জঙ্গলে পাঠানোর চেষ্টা করা হচ্ছে।

পুরানো এসপ্ল্যানেড মেট্রো স্টেশনে তিনটি নতুন গেট ইনস্টল করা হয়েছে



কলকাতা, ৫ মে : মেট্রো ব্যবহারকারীদের সুবিধার জন্য ব্লু লাইনের পুরানো এসপ্ল্যানেড মেট্রো স্টেশনের মধ্যবর্তী টিকেট কাউন্টারের পিছনে তিনটি নতুন AFC-PC গেট চালু করা হয়েছে। এই নতুন গেটগুলি ব্লু লাইন এবং গ্রীন লাইন ২ করিডোরের যাত্রীদের পুরানো এবং নতুন এসপ্ল্যানেড মেট্রো স্টেশনগুলির প্রাঙ্গণের অর্থপ্রদানের জায়গাগুলি থেকে নির্বিঘ্নে প্রস্থান করতে সক্ষম করেছে। এই তিনটি স্মার্ট গেটের মধ্যে একটি দ্বিমুখী। যেহেতু এসপ্ল্যানেড ব্লু লাইন এবং গ্রীন লাইনের মিলনস্থল, তাই যাত্রীরা ভিড়ের কথা মাথায় রেখে এই অতিরিক্ত কিউআর সক্ষম গেটগুলি স্থাপন করা হয়েছে। এই আধুনিক গেটগুলো প্রতি মিনিটে ৪৫ জন যাত্রী বহন করতে পারে। পুরানো এসপ্ল্যানেড মেট্রো স্টেশনে নামার পর যাত্রীরা এখন তাদের মেট্রো ট্রাকেন, স্মার্ট কার্ডগুলি স্টেশন চত্বর থেকে বেরিয়ে যাওয়ার জন্য এই গেটে পাঞ্চ করতে পারেন। এছাড়াও, গ্রীন লাইন ২ (হাওড়া ময়দান-এসপ্ল্যানেড) থেকে আসা যাত্রীরা এবং ব্লু লাইনের ওল্ড এসপ্ল্যানেড মেট্রো স্টেশন থেকে কমন করিডোর দিয়ে প্রস্থান করতে ইচ্ছুক, তারা তাদের মেট্রো ট্রাকেন, স্মার্ট কার্ড পাঞ্চ করতে পারেন এবং এই গেটে কিউআর কোডেড টিকিট স্ক্যান করতে পারেন। এই তিনটি নতুন এএফসি-পি গেট যুক্ত হওয়ার সাথে সাথে বর্তমানে পুরানো এসপ্ল্যানেড মেট্রো স্টেশনে এই ধরনের ২৮টি স্মার্ট গেট রয়েছে। এই ২৮টি গেটের মধ্যে ৫টি গেট যও সক্ষম গেট এবং ২৩টি গেট ট্রাকেন এবং স্মার্ট কার্ড নিয়ে অমণকারী যাত্রীদের প্রবেশ ও প্রস্থানের জন্য নিবেদিত।

দুর্গাপুরে চুরির ঘটনায় পুলিশের ভূমিকায় প্রশ্ন, কটাক্ষ করলেন বিজেপি প্রার্থী দিলীপ

দুর্গাপুর, ৫ মে : দুর্গাপুর শহরে প্রায় একমাস ধরে ঘাটি গেড়েছেন মুখ্যমন্ত্রী। আকাশপথে অনবরত হেলিকপ্টার আনাগোনা করছে। শহরের প্রাণকেন্দ্রের রাস্তায় কড়া পুলিশ মোতাযান। তার মধ্যেই পুলিশ ফাঁড়ির অদূরে দুর্গাপুরের অভিজাত এলাকায় পর পর দুটি বাড়িতে চুরি। লক্ষ্মণিক টাকা নগদসহ প্রায় কুড়ি ভরি সোনার গয়না নিয়ে পগারপার চোরের দল। রবিবার সাতসকালে ঘটনার খবর চাউর হতেই চাঞ্চল্য

ছড়াল। শিল্পশহর দুর্গাপুরেচুরির ঘটনায় খোঁচা দিতে ছালেন না বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ। তবে সিসিটিভির ফুটেজ দেখে তদন্ত শুরু করতে পারেননি পুলিশ। দুর্গাপুরের অভিজাত এলাকা হিসেবে পরিচিত অম্বুজা ফাঁড়ির দুটি বাড়ির জানালা ভেঙে ভিতরে ঢুকে আলমারির ভেঙে প্রায় কুড়ি ভরি সোনার অলংকার আর প্রায় ১ লাখ ৭০ হাজার টাকা চুরি যায় বলে অভিযোগ। চুরি যাওয়া

পশ্চিমবঙ্গে ৮ বারের সাংসদ এ বি এ গণি চৌধুরীর ভূমিকা তুলে ধরেন মল্লিকার্জুন

দুরন্ত বার্তা, মালদা,৫ মে : মালদা উত্তর ও দক্ষিণ মালদা কেন্দ্রের বাম কংগ্রেস সমর্থিত প্রার্থী মোস্তাক আলম এবং ঈশা খান চৌধুরীর সমর্থনে সুজাপুর ময়দানে কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি মল্লিকার্জুন খড়গের জনসভা। ভারতের রাজনীতির ইতিহাসে মালদা তথা পশ্চিমবঙ্গে ৮ বারের সাংসদ এ বি এ গণি চৌধুরীর ভূমিকা তুলে ধরেন মল্লিকার্জুন।এত বড় মহান নেতা, মালদা থেকেই এসেছিলেন বলেন তিনি। কাউকে ভয় করতেন না এ বি এ গণি খান চৌধুরী। সেই মুসলিমদের ক্ষেত্রে হোক কিংবা দেশের জন্য হোক। নিজের সিদ্ধান্তে আঁট থাকতেন। এ বি এ গণি খান চৌধুরী বরকত দা ন্যে পরিচিত ছিলেন। গরিবদের জন্য গ্রামে গ্রামে ব্যাংকের মাধ্যমে খাতা খুলিয়েছিলেন তিনি যাতে গরিবরা ব্যাংক থেকে লেন পান। কংগ্রেস গরিবদের টাকা লুঠ করে না। তাদের পাশে থাকে। গরীবদের চাকরি দিয়েছেন। সংবিধান শেষ হয়ে যাবে, গণতন্ত্র বলে কিছু থাকবে না, এবার যদি মৌদীজি আবারো গদিতো বসে তাহলোভাই ভাই ঝগড়া লাগানো জাতিতে জাতিতে ঝগড়া লাগানো, বিভেদের রাজনীতি করছে বিজেপি।



কটাক্ষ করেন তিনি। অমিত শাহ মানুষকে উসকানোর কাজ করছে। মৌদীজি বুটোকা সর্দার কটাক্ষ করেন মল্লিকার্জুন খড়গে। আর এস এস মোদি এক। এক টাকা কয়েকের মত,একদিকে মোদি অন্যদিকে আর এস এস।নির্বাচনী বস্তের মাধ্যমে কত টাকা লুঠ করছে বিজেপি। ছাড়াবো না কাউকে। ওয়াশিং মেশিন

মেশিন বানিয়েছে ওইখানে কেন মানুষকে ভড়া হলে পরিস্কার হয়ে বেরিয়ে আসছে, কটাক্ষ করেন মল্লিকার্জুন। কন্যাকুমারী থেকে কাশ্মীর, মামা থেকে গুজরাট সর্বত্র আছে কংগ্রেস। দিল্লির হুকুমত আমরাই চালাবো। ছংকার দেন তিনি। সংকটে কংগ্রেস নেই। সুলতান মোদিজি সংকটে রয়েছে।

প্রচারে বেরিয়েও প্রেসক্রিপশন লিখলেন তৃণমূল প্রার্থী ডাঃ শর্মিলা সরকার



দুরন্ত বার্তা, বর্ধমান, ৫ মে : নিজের এলাকার তৃণমূল প্রার্থীর রোড শো হল। আগে নিয়েই মিছিলে शामिल হয়েছিলেন এক মহিলা। কিন্তু তাঁর গরমে প্রচারে বেরিয়ে হঠাই অসুস্থ হয়ে পড়েন তিনি। আর তাঁর অসুস্থতার কথা জানতে পেরে প্রচার থামিয়ে চিকিৎসা করলেন বর্ধমান পূর্ব কেন্দ্রের তৃণমূল প্রার্থী ডাঃ শর্মিলা সরকার। ওই মহিলাকে প্রাথমিক চিকিৎসা করে বাড়ি পাঠানোর পরেই ফের প্রচার শুরু করেন তিনি। শর্মিলা সরকার বলেন, প্রচন্ড গরমের কারণে অনেকেই অসুস্থ হয়ে পড়ছেন। চোখের সামনে কাউকে অসুস্থ হয়ে পড়তে দেখলে তাঁর সাহায্য করা আমাদের প্রাথমিক কর্তব্য। রাজনৈতিক পরিচয় হিসাবে প্রার্থী হলেও আমি পেশায় একজন

চিকিৎসক। এই পরিস্থিতিতে নিজের চিকিৎসা ধর্ম পালন না করে মুখ ফিফিয়ে থাকা সম্ভব কি।’’ পূর্ব বর্ধমানের জামালপুর বিধানসভা এলাকার হরেকৃষ্ণ কোঠার সেতু থেকে কৃষ্ণরামপুর পর্যন্ত রোড শো ছিল তৃণমূল প্রার্থী শর্মিলা সরকারের। রোড শো-য় অংশ নিয়েছিলেন স্থানীয় বাসিন্দা কবিতা বাগ। কিন্তু তিনি আচমকাই অসুস্থ হয়ে পড়েন। তড়িঘড়ি তাঁকে টোটায় তুলে দেওয়া হয়। সেসময় মিছিলের সামনে ছড় খোলা গাড়িতে চড়ে প্রচার করছিলেন বর্ধমান পূর্বের তৃণমূল প্রার্থী। জনৈক মহিলা অসুস্থ হয়ে পড়ছেন জেনে প্রচার থামিয়ে দ্রুত গাড়ি থেকে নেমে আসেন শর্মিলা সরকার। টোটোর মধ্যেই ওই মহিলার চিকিৎসা করেন প্রার্থী। লিখে দেন

চারবারের ব্যর্থতা ভুলে ইউপিএসসিতে সাফল্য লাভ করল শ্রীরামপুরের মেয়ে

দুরন্ত বার্তা, হুগলি, ৫ মে : বছর চারেক আগে রাজ্যের বহির্গে পড়তে গিয়ে প্রথমবার ইউপিএসসি পরীক্ষার নাম শুনেছিল। প্রস্তুতি না নিয়েই বসে পড়েছিলেন পরীক্ষায়। স্বাভাবিকভাবেই ব্যর্থতা ছাড়া কিছুই হয়নি। কোর্স শেষে বাড়ি ফিরে শুরু হয় প্রস্তুতি। ২০২০ সাল থেকে আসে পর পর ব্যর্থতা। হাটুতে মুখ গুঁজে অঝোরে কেঁদেছিলেন। তার পর আবার ফিরেছেন লড়াইয়ে। অবশেষে চারবারের চেষ্টায় ‘স্বপ্ন তার পূরণ হল সর্বভারতীয় পরীক্ষায়। ৪২৬ র‍্যাঙ্ক করে সে। হুগলির শ্রীরামপুরের মেয়েটির নাম অনুস্মা সরকার। পড়াশোনা করেছেন সেন্ট জোসেফস কনভেন্ট স্কুল থেকে। এর পর ভূগোল নিয়ে লেডি ব্রেরেন কলেজ থেকে স্নাতক স্তরের পড়াশোনা শেষ করেন। স্নাতকোত্তর করতে পাড়ি দেন ওডিশার এনআইউতে। সেখানেই উত্তরপ্রদেশের এক সহপাঠীর থেকে শোনেন ইউপিএসসির নাম। কয়েকবার ব্যর্থ হলেও শেষে মিলল সফলতা। ভিন রাজ্যের পড়াশোনার



পাঠ চুকিয়ে ইউপিএসসি প্রস্তুতি নিতে রাজ্যের সত্যেন্দ্রনাথ ঠাকুর

কেমব্রিজ ও লন্ডন স্কুল অফ ইকোনমিক্স থেকে পড়ার অফার পেয়েছেন। বিদেশে পাবলিক পলিসি, সোশাল পলিসি সম্পর্কিত কোর্সে এক বছরের মাস্টার্সের জন্য অ্যাপ্রাই করেছেন। স্কলারশিপ ও এক বছর পর চাকরিতে যোগ দেওয়ার সুযোগ পেলে পসতবে যাবেন সেখানে। তবে সেই সুযোগ না থাকলে ‘দেশের জন্য কাজ’ করাকেই বেছে নেনেন গঙ্গাপাড়ের মেয়ে।

অভাব নিত্যসঙ্গী, মাধ্যমিকে দুরন্ত ফল করেও উচ্চশিক্ষা নিয়ে চিন্তিত পৌলমী

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ৫ মে : তার অসুস্থ বাবা। মায়েরও শারীরিক কিছু সমস্যা রয়েছে। অভাব তাদের নিত্যসঙ্গী। এহেন পরিবার থেকে উঠে এসে মাধ্যমিকে ৬৩৯ নম্বর পেয়ে সবাইকে তাক লাগিয়ে দিয়েছে আলিপুরদুয়ারের পৌলমী সরকার। তবুও উচ্চশিক্ষা নিয়ে তৈরি হয়েছে দৃষ্টিস্তার মেঘ। আলিপুরদুয়ারের জটেশ্বর দেশবন্ধু প্যার পৌলমী এবার মাধ্যমিক দেয় জটেশ্বর উচ্চবালিকা বিদ্যালয় থেকে। মেধাবী এই ছাত্রীর বাবা পরিতোষ সরকার অসুস্থ। ২০১৭ সালে দুটি কিডনি নষ্ট হয়ে যায় তাঁর। স্ত্রী নিজের একটি কিডনি দিয়ে প্রাণ বাঁচান স্বামীর। সেই থেকেই কাজ করতে পারেন না পরিতোষ। সেলাই মেশিনে কাজ করে সামান্য আয়ে সংসার চালান পৌলমীর মা। সদ্য কিশোরী সেই জীবনসংগ্রাম দেখেছে কাজ থেকে। হয়তো সেই সংগ্রামই স্বপ্ন দেখার শক্তি জুগিয়েছে তাকে। পৌলমীর ইচ্ছা বিজ্ঞান নিয়ে পড়ে চিকিৎসক হওয়া। মাধ্যমিকে দুরন্ত ফল করে সেই স্বপ্নের দিকে এক ধাপ এগিয়েছে কিশোরী। কিন্তু অর্ধকণ্টের তীব্রতা এখনও ভাবাচ্ছে। মেয়ের সাফল্যের মাঝেও তার বাবা-মায়ের চিন্তা তার পড়াশোনার খরচ জোগাড় হবে কোথা থেকে। এদিকে পৌলমীর গৃহশিক্ষক সৌভিক দাস বলছেন, পৌলমী খুবই মেধাবী। পড়াশোনার জন্য আমার তরফ থেকে যতটা সম্ভব সাহায্য করি। আগামী দিনেও করব। ভবিষ্যতে পৌলমী আরও ভালো ফল করবে আশা করি। পরিবার ও স্বজনবন্ধুরা সকলেই খুশি পৌলমীর সাফল্যে। কিন্তু আগামিদিনে পড়াশোনা চালাবে কী করে এই চিন্তাই সেই সাফল্যের মাঝে কাটা হয়ে রয়েছে।

শাসকদলের নেতার গাড়ি ভাঙচুর, ভোটের আগে উত্তপ্ত সাগরদিঘি

সাগরদিঘি, ৫ মে : লোকসভা নির্বাচনের আগে টাকা বিলির অভিযোগকে কেন্দ্র করে শনিবার রাতে ধুমুকার বেগে গেল মুর্শিদাবাদের জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের অন্তর্গত সাগরদিঘি এলাকায়। অভিযোগ, জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী খলিয়ার রহমানের ভাইগো তথা মুর্শিদাবাদ জেলা পরিষদের সদস্য আনান্দুল হক বিপ্লব শনিবার রাতে ধূলিয়ান থেকে সাগরদিঘিতে যান কয়েকজন ব্যক্তিকে বিপুল পরিমাণ টাকা দেওয়ার জন্য। গ্রামে এই খবর ছড়িয়ে পড়তেই পৌলিপুুরের সাহেবনগর এলাকায় বাম-কংগ্রেস সমর্থকরা বিপ্লবের গাড়ি ধরে ন। এরপর ওই গাড়িতে ব্যাপক ভাঙচুর চালানো হয় বলে অভিযোগ। কোনওকসে এলাকা ছেড়ে পাালিয়ে প্রাণে বাঁচেন বিপ্লব সহ আরও কয়েকজন তৃণমূল কর্মী। যদিও টাকা বিলির অভিযোগ অস্বীকার করছেন আনান্দুল হক বিপ্লব। তিনি বলেন, গতকাল আমাদের দলের একটি টের্ক ছিল। সেই টের্ক সেরে আমি যখন দলের একটি গাড়ি করে ফিরছিলাম সেই সময় হঠাই কিছু যুবক আমার গাড়িতে হামলা চালায়। তিনি এও বলেন, আমার গাড়ি থেকে কেউ কোনও টাকা খুঁজে পায়নি।

কংগ্রেসের কথাও মিথ্যে, স্লোগান এবং উদ্দেশ্যও ত্রুটিপূর্ণ ঃপ্রধানমন্ত্রী

এটাওয়া, ৫ মে : সমাজবাদী পার্টি ও কংগ্রেসকে একযোগে আক্রমণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রবিবার উত্তর প্রদেশের এটাওয়ার এক নির্বাচনী জলসভায় প্রধানমন্ত্রী মোদি বলেনছেন, সমাজবাদী পার্টি ও কংগ্রেসের কথাও মিথ্যে, তাদের প্রতিশ্রুতিও মিথ্যে। সপা-কংগ্রেসের স্লোগানও মিথ্যা এবং তাঁদের উদ্দেশ্যও ত্রুটিপূর্ণ। দেশ ও সমাজের যতই ক্ষতি হোক না কেন, এরা অবিরাম মিথ্যা বলবে। প্রধানমন্ত্রী মোদি আরও বলেছেন, করোনা সংকটের সময় মোদি যখন প্রতিটি জীবন বাঁচাতে ব্যস্ত দেশের বিজ্ঞানীরা ভাবশ্রম বানিয়েছেন, কিন্তু সপা-কংগ্রেসের লোকজন বনাম করতে থাকে। তাঁরা নিজেরা গোপনে টাকা নিয়েছিল, কিন্তু টিভিতে মানুষকে উদ্বেগ দিতেন, যাতে ক্ষোভ ছড়িয়ে পড়ে এবং পাপের দায় মৌদীর উপর চাপানো হয়। প্রধানমন্ত্রী মোদি আরও বলেছেন, এখন তাঁরা আমাদের গণতন্ত্র ও আমাদের সংবিধান নিয়ে মিথ্যাদার ছড়ানোর সর্বোচ্চ চেষ্টা করছে। কারণ মোদি কেন্দ্র তোষণ প্রকাশ করেছে। আমাদের সংবিধান প্রণেতারা বলেছিলেন, ধর্মের ভিত্তিতে কোনও সরকার হবে না, কিন্তু এখন সপা-কংগ্রেস এসসি-এসটি-ওবিসি-র সংরক্ষণ ছিনিয়ে নিয়ে ধর্মের ভিত্তিতে বিভতরণ করতে চায়। কর্পটকে তাঁরা রাতারাতি সমস্ত মুসলমানকে ওবিসি হিসাবে ঘোষণা করেছে।

মাধ্যমিকে মেধা তালিকায় হুগলির পাণ্ডুয়ার নীলাক্ষন দশম স্থান অধিকার করল

দুরন্ত বার্তা, হুগলি, ৫ মে : রাজ্যে মাধ্যমিক পরীক্ষার মেধা তালিকায় দশম স্থান পেয়েছে পাণ্ডুয়ার নীলাক্ষন মন্ডল। তার প্রাপ্ত নম্বর ৬৮৪। প্রাথমী পাণ্ডুয়ার বাহাতিহা মোড়ের কাছে বাড়ি এই মেধাবী ছাত্রের। বাবা পার্শ্বসারথি মন্ডল কালনা শ্রী শ্রী নিগমানন্দ বিদ্যাম্যদিরের পদার্থবিজ্ঞানের শিক্ষক। মা সুজাতা মন্ডল গৃহবধূ। সে ব্যান্ডেলের পর্যদ অনুমোদিত এলিট কো-মেড স্কুলের ছাত্র। সেখান থেকেই সে এবার মাধ্যমিকের কন্ট ছাত্রদের তালিকায় স্থান করে নিয়েছে। সে কেজি ওয়ান থেকেই এই স্কুলের ছাত্র রয়েছে। তার প্রতিটি বিষয়ের নম্বর হলো বাংলায় ৯৪, ইংরেজিতে ১০০, জীবন বিজ্ঞানে ৯৭, অণুজৈব ৯৯, পদার্থবিজ্ঞান ৯৯ , ইতিহাসে ৯৫, ভূগোলে ১০০। নীলাক্ষন বলেন সে টেস্ট পরীক্ষার আশানরূপ ফল না হওয়ার দরুন শিক্ষকদের চাপে

বাড়িতে দিনে ১০ -১১ ঘণ্টা পড়তাম। তার পাঁচজন গৃহ শিক্ষক



ছিলেন। আপাতত বিজ্ঞান নিয়েই এই স্কুলে একাদশ শ্রেণীতে পড়বে। গবেষণামূলক পড়াশোনা করতে চায় নীলক্ষন। স্কুলের শিক্ষকদের কাছে সব ধরনের সহযোগিতা পেয়েছে বলে জানায়। ছোটবেলা থেকে গল্পের বই পড়া এবং গিটার বাজানোর শখ

দিল্লির ৭টি আসনেই জিতবে ইন্ডি জোট, আত্মবিশ্বাসী দেবেন্দর

নয়াদিল্লি, ৫ মে : গত ৩০ এপ্রিল, দিল্লিতে কংগ্রেসের গুরু দায়িত্ব দেওয়া হয় দেবেন্দর যাদবকে। ওই দিন দেবেন্দর যাদবকে দিল্লি প্রদেশ কংগ্রেস কমিটির অন্তর্ভর্তী সভাপতি নিযুক্ত করা হয়। আর রবিবার দিল্লি প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি হিসেবেই দায়িত্বভার গ্রহণ করলেন দেবেন্দর। এদিন দেবেন্দর যাদব বলেছেন, আমার জন্য আজ একটি গুরুত্বপূর্ণ দিন। আমার প্রতি আস্থা দেখানোর জন্য আমি কেন্দ্রীয় নেতৃত্বকে ধন্যবাদ জানাতে চাই। আমি সমস্ত দায়িত্ব পালনের জন্য কঠোর পরিশ্রম করব এবং কংগ্রেস দলকে শক্তিশালী করতে ইন্ডি জোট দিল্লির ৭টি আসনের সবকটিতেই জিতবে।

অখিলেশের সভা চলাকালীন ভেঙে পড়ল তাঁবু

এটাওয়া, ৫ মে : সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবের সভা চলছিল। আচমকাই ভেঙে পাল তাঁরা। এই ঘটনাকে কেন্দ্র করে তীব্র বিশৃঙ্খলা তৈরি হয় ঘটনাস্থলে। রবিবার ঘটনাটি ঘটেছে উত্তরপ্রদেশের এটাওয়ায়। অখিলেশ যাদবের সভা চলাকালীন তাঁরু ভেঙে পড়ার একটি ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। ভিডিও ক্লিপে দেখা যায়, তাঁবুর উপরে দাঁড়িয়ে আছেন এক ব্যক্তি, আর ঘনিষ্ঠাটি মোবাইল ফোনে রেকর্ড করছেন লোকজন। ভিডিওটিতে ক্রমশ তাঁরুটি ভেঙে পড়ার দৃশ্য দেখা যায়। শুরু হয় বিশৃঙ্খলা।

এক সাথে পাঁচ শিশু কন্যার জন্ম

দুরন্ত বার্তা, ইসলামপুর, ৫ মে : ইসলামপুরের এলাকায় এক সাথে পাঁচ শিশু কন্যার জন্ম দিলেন তাদের বেগম নামে এক প্রসূতি। জানা গিয়েছে বিহারের ঠাকুরগঞ্জ এলাকার বাসিন্দা জাভেদ আলম। তার স্ত্রী তাহেরা বেগম। জাভেদ ভিন রাষ্ট্রের কাজে বাইরে রয়েছেন। প্রথম দুই মাসের পর আন্টাসোনোগ্রাফি মাধ্যমে ডাক্তার ফারজানা নুরি ওই প্রসূতিকে আগেই জানিয়ে দিয়েছেন যে তার গর্ভে পাঁচ শিশু সন্তান রয়েছে। এরপর ডাক্তারের পরামর্শ মতো প্রসূতি মাকে সাহায্য দিতে শুরু করে ডাক্তার ফারজান নুরি।

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

নীলাক্ষনের। তার বরবার কুইজ প্রতিযোগিতায় অংশ নেওয়া ও

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

এই ঘটনা নিয়ে আরও জানতে চান

